

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৬১

আগরতলা, ২ অক্টোবর, ২০১৮

নব ভারত গঠনের স্বপ্নকে বাস্তবায়িত  
করতে সবাইকে এগিয়ে আসতে হবে : রাজ্যপাল

আজ জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে রাজ্যপাল অধ্যাপক কাপ্তান সিং সোলাঙ্কি সার্কিট হাউসস্থিত গান্ধীমূর্তি প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের পর পুষ্পার্ঘ্য অর্পণ করেন। এই সময় রাজ্য মন্ত্রিসভার সদস্য মনোজ কান্তি দেব ও বিধানসভার সরকারি মুখ্যসচিব কল্যাণী রায় সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। তারপর রাজ্যপাল গান্ধীঘাটস্থিত গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। রাজ্যপাল বলেন, মহাত্মা গান্ধী যদি বেঁচে থাকতেন তবে আজ তাঁর ১৪৯ বছর বয়স হত। আজ ভারতবর্ষ সহ সারা বিশ্বে যেখানে ভারতীয়রা থাকেন সেখানে এই দিনটি অবশ্যই পালিত হচ্ছে। তিনি আরও বলেন, মহাত্মা গান্ধী যেমন ভারতবর্ষ গড়তে চেয়েছিলেন তারজন্য আজ আমাদের সংকল্প নিতে হবে। তাই কেন্দ্রীয় সরকার মহাত্মা গান্ধীর ১৫০তম জন্মজয়ন্তী দেশব্যাপী পালনের কর্মসূচি নিয়েছে। এই সময়ে প্রত্যেক দেশবাসীর কাছে মহাত্মা গান্ধীর দেশ গঠনের বার্তা পৌঁছে দেওয়া হবে। আর সব দেশবাসী সঠিকভাবে যদি এই দায়িত্ব পালন করে তবে একুশশতকে অবশ্যই বাপুজীর নব ভারত গঠনের স্বপ্ন বাস্তবায়িত হবে। তিনি বলেন, আজকের দিনটি আরও একটি কারণে তাৎপর্যপূর্ণ। আজকের দিনে দেশের আরেক মহান সন্তান লালবাহাদুর শাস্ত্রী জন্মগ্রহণ করেছিলেন। তিনি আমাদের দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ছিলেন। তিনি দেশের জওয়ান ও কৃষকের জন্যে এবং সমস্ত দেশবাসীর জন্যে নানান বার্তা দিয়েছিলেন। পরম পূজ্য মহাত্মা গান্ধী ও লালবাহাদুর শাস্ত্রীর দেশ নির্মাণের চিন্তা এক ছিল। রাজ্যপাল তাই আজকের দিনে দেশের দুই মহান সন্তানের পূণ্য জন্মজয়ন্তীতে সবার কাছে সংকল্প বদ্ধ হয়ে দেশ গঠনের দায়িত্ব নিতে আহ্বান রাখেন।

\*\*\*\*\*